দৈনিক বাংলা

তারিখ 11 JUL 1987

পৃষ্ঠা ৭ কলাম ১

# প্রাথমিক শিক্ষক বেতন বছরে ১৬০ কোটি টাকা

।। স্টাফ রিপোর্টার ।।

এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান বৃহস্পতিবার সংসদে জানান যে বর্তমানে দেশে এক লক্ষ ৫৭ হাজার ২৪৯ জন প্রাথমিক শিক্ষক আছেন। তাদের বেতন বাবদ ১৯৮৬-৮৭ সালে ১৬০ কোটি টাকা ব্যয় হয়েছে। তিনি আরও জানান যে চলতি সালের মে মাস পর্যন্ত ৩৩২টি উপজেলায় [illegible] হাজার ৭৫৬ জন প্রাথমিক শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করা হয়েছে।

**দুর্নীতি দমন মামলা**

মন্ত্রিপরিষদ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ও প্রধানমন্ত্রী জনাব মিজানুর রহমান চৌধুরী এক প্রশ্নের জবাবে জানান যে রাজশাহী বিভাগে ১৯৮২ সাল হতে এ পর্যন্ত দুর্নীতি দমন বিভাগ কর্তৃক মোট ১৬১৩টি মামলার তদন্ত করা হয়েছে ১২১৮টি মামলার চার্জশীট দাখিল করা হয়েছে। মোট ৬৩৪ মামলার অভিযুক্তদের বিভিন্ন মেয়াদের জেল ও বিভিন্ন অংকের জরিমানা করা হয়েছে। এদের মধ্যে ৭১ জনের সাজা মওকুফ করা হয়েছে।

মন্ত্রী আর এক প্রশ্নের জবাবে জানান যে ১৯৮৭ সালের ৩০শে জুন পর্যন্ত মোট ১৬২৪টি মামলা দুর্নীতি দমন সংস্থার তদন্তাধীন রয়েছে। দুর্নীতি দমন সংস্থার হাতে বর্তমানে রাষ্ট্রায়ত্ত ব্যাংকসমূহের টাকা আত্মসাৎ ও অন্যান্য অনিয়ম সংক্রান্ত মোট ১৩১টি অভিযোগ অনুসন্ধান এবং ২৯৫টি মামলার তদন্ত রয়েছে।

মন্ত্রী আরও জানান গত পাঁচ বছরে দেশে ৭৭২২টি দুর্নীতির মামলা দায়ের হয়েছে। ৪৯০০টি মামলায় চার্জশীট দেয়া হয়েছে। বিভিন্ন আদালতে নিষ্পত্তিকৃত ২৪২৫টি মামলায় অপরাধীদের সাজা হয়েছে।